# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

Microcredit Regulatory Authority

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।


তারিখ: ২২ মাঘ ১৪৩০ / ০৫ ফেব্রুয়ারি ২০২৪

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০২১.৯৯.০১৪.২৪.২৯১

**বিষয়: ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী ও গ্রাহকদের সর্বজনীন পেনশন স্কিমে অন্তর্ভুক্তি।**

**প্রিয় মহোদয়,**

আপনি অবগত আছেন যে, দেশের সর্বস্তরের জনসাধারণকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বলয়ের আওতাভুক্ত করার লক্ষ্যে সরকার ইতোমধ্যে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ এর অধীন জাতীয় পেনশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠাপূর্বক সর্বজনীন পেনশন স্কিম চালু করেছে। বিগত ১৭ আগস্ট ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বজনীন পেনশন স্কিমের শুভ উদ্বোধন করেছেন।

**২। সর্বজনীন পেনশন স্কিমসমূহ:**

| স্কিম | যাদের জন্য | চাঁদার পরিমান | সম্ভাব্য মাসিক পেনশন |
|---|---|---|---|
| **(১) প্রবাস** | প্রবাসী বাংলাদেশি নাগরিকগণের জন্য | মাসিক চাঁদার পরিমাণ সর্বনিম্ন ২,০০০/- টাকা থেকে ১০,০০০/- টাকা পর্যন্ত। | মাসিক পেনশনের পরিমাণ সর্বনিম্ন ৩,০৬০/- টাকা থেকে সর্বোচ্চ ৩,৪৪,৬৫৫/- পর্যন্ত। |
| **(২) প্রগতি** | বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারীগণের জন্য | মাসিক চাঁদার পরিমাণ সর্বনিম্ন ২,০০০/- টাকা থেকে ১০,০০০/- টাকা পর্যন্ত। | মাসিক পেনশনের পরিমাণ সর্বনিম্ন ৩,০৬০/- টাকা থেকে সর্বোচ্চ ৩,৪৪,৬৫৫/- পর্যন্ত। |
| **(৩) সুরক্ষা** | স্বকর্মে নিয়োজিত নাগরিকগণের জন্য | মাসিক চাঁদার পরিমাণ সর্বনিম্ন ১,০০০/- টাকা থেকে ৫,০০০/- টাকা পর্যন্ত। | মাসিক পেনশনের পরিমাণ সর্বনিম্ন ১,৫৩০/- টাকা থেকে সর্বোচ্চ ১,৭২,৩২৭/- পর্যন্ত। |
| **(৪) সমতা** | স্বকর্মে নিয়োজিত স্বল্প আয়ের নাগরিকগণের জন্য অংশ প্রদায়ক পেনশন | মাসিক চাঁদার পরিমাণ ১,০০০/- টাকা যার ৫০% অর্থাৎ ৫০০/- টাকা সরকার প্রদান করবেন। | মাসিক পেনশনের পরিমাণ সর্বনিম্ন ১,৫৩০/- টাকা থেকে সর্বোচ্চ ৩৪,৪৬৫/- পর্যন্ত। |

৩। পেনশন স্কিমে অংশগ্রণের বয়স ও যোগ্যতা, চাঁদা ও প্রাপ্য পেনশনের পরিমাণ এবং সময়সহ যাবতীয় নিয়মাবলি সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ এবং উক্ত আইনের অধীন প্রণীত বিধি, সার্কুলার এবং অফিস আদেশ দ্বারা নিধারণ করা হয়েছে। আইন, বিধি, সার্কুলার ও অফিস আদেশ এবং এতদ্‌সংক্রান্ত বুশিয়ার, পোস্টার ও লিফলেট জতীয় পেনশন অথরিটির ওয়েবসাইটে (www.upension.gov.bd) পাওয়া যাচ্ছে। জাতীয় পেনশন কর্তৃপক্ষের ওয়েবসাইট **(www.upension.gov.bd)** এ প্রবেশ করে রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্ধারণ করা যাবে। প্রয়োজনে হটলাইন নম্বর: +৮৮ ০৯৬১০ ৯০০ ৮০০ এ যোগাযোগ করা যাবে।

৪। আপনার জানা আছে যে, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তাকর্মচারী ও গ্রাহকসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় আনয়নের লক্ষ্যে সরকার ঘোষিত সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ বাড়ানোর জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষ (এনপিএ) এর মধ্যে ২৬/১২/২০২৩ খ্রি. তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এমআরএ'র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো (এমএফআই) আর্থিক সেবার পাশাপাশি সামাজিক উন্নয়ন কার্যক্রম ও জাতীয় দুর্যোগ মোকাবেলাসহ কর্মসংস্থান, ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য নিরসন তথা দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সর্বজনীন পেনশন স্কীম বাস্তবায়নে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের সুযোগ রয়েছে।

চলমান পাতা-২

Microcredit Regulatory Authority

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)

বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।



এ প্রেক্ষিতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হিসেবে আপনার প্রতিষ্ঠান কতৃক নিজস্ব কর্মকর্তা কর্মচারী এর পাশাপাশি বিভিন্ন শ্রেনি পেশার মানুষকে সর্বজনীন পেনশন স্কিমে অন্তর্ভুক্ত করার নিমিত্ত নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে পারে:

(ক) সর্বজনীন পেনশনের 'প্রগতি' স্কিমে নিজস্ব কর্মকর্তা কর্মচারীকে অন্তর্ভুক্তির লক্ষ্যে মাসিক সর্বনিম্ন ২,০০০/- (দুই হাজার) টাকা চাঁদার ন্যূনতম ৫০% অর্থাৎ ১,০০০/- (এক হাজার) টাকা স্ব স্ব ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এবং অবশিষ্ট ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারী বহন করবেন। তবে প্রতিষ্ঠান ও কর্মকর্তা কর্মচারী সম্মত হয়ে সমহারে চাঁদা প্রদান করে প্রগতি স্কিমের আওতায় মাসিক ৩,০০০/-, ৫,০০০/ বা ১০,০০০/ টাকার স্কীম গ্রহণ করতে পারবেন।

(খ) 'প্রবাস' স্কীম,'সুরক্ষা' স্কীম ও 'সমতা' স্কীমে গ্রাহক ও আগ্রহী জনগণকে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সর্বজনীন পেনশন স্কিমের প্রচার, প্রসার, উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন কাজে প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও শাখা অফিসের মাধ্যমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারেন।

৫। **NPA** এর সিস্টেমে **API** এর মাধ্যমে এমআরএ ও এমএফআই সংযুক্ত থাকবে। এর ফলে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো শাখা পর্যায় থেকে সংশ্লিষ্ট তথ্য গ্রহণ ও প্রদান করতে পারবে। পাশাপাশি কোন প্রতিষ্ঠান থেকে বা প্রতিষ্ঠানটির মাধ্যমে কতজন অন্তর্ভুক্ত হয়েছে তা এমএফআই, এমআরএ ও এনপিএ জানতে পারবে।

৬। এ বিষয়ে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩, সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, সার্কুলার বা এনপিএ কর্তৃক ২০২৩ এবং সময়ে সময়ে জারীকৃত আদেশ প্রযোজ্য হবে।

৭। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী, গ্রাহক ও আগ্রহী জনগণকে সর্বজনীন পেনশন স্কিমের আওতাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত এতদ্‌সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫/০২/২০২৪

(মোঃ ফসিউল্লাহ্)
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান

প্রধান নির্বাহী কর্মকর্তা,
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)।

তারিখ: ২২ মাঘ, ১৪৩০ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৪

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.০২১.৯৯.০১৪.২৪.

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা;
৩। নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ, ৪৩, কাকরাইল, ৪ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, ঢাকা- ১০০০;
৪। গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। পিএস টু ইভিসি, (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৭। অফিস কপি, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি।

০৫/০২/২০২৪

(মোঃ জিল্লুর রহমান)
পরিচালক

৮৩৩৩২৪৫, ৮৩৩২৫১৭, ৮৩৩২৯৮৬, ৮৩৩৩১৯৬, ফ্যাক্স: ৮৩৩৩২৫৭ Web : www.mra.gov.bd